

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.mhapsd.gov.bd

জননিরাপত্তা বিভাগের প্রশাসনিক অনুবিভাগের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	রুহী রহমান
তারিখ	:	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
সময়	:	০৪ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ।
স্থান	:	সকাল ১১:০০ টা।
	:	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষ।

সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) (পরিশিষ্ট 'ক') :

২। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি প্রশাসন ও অর্থ অনুবিভাগের সকল শাখা/অধিশাখার চলমান বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি তুলে ধরার জন্য উপস্থিত কর্মকর্তাদের অনুরোধ জানান।

৩। প্রশাসন অধিশাখার যুগ্মসচিব (প্রশাসন) ড. মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, প্রশাসন অনুবিভাগের কার্যক্রম মূলত সেবাধর্মী এবং এ সকল কার্যক্রম তাৎক্ষণিকভাবে সম্পন্ন করতে হয়। তাছাড়া প্রশাসন ও অর্থ অনুবিভাগ জননিরাপত্তা বিভাগের অন্যান্য অনুবিভাগের কিছু কিছু কাজের সমন্বয় করে। এ অনুবিভাগের কাজের গতির উপর পুরো বিভাগের কাজের গতি অনেকাংশে নির্ভর করে। কাজেই গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের (০৮ নম্বর) ভবনের ড্রেনেজ ব্যবস্থার সংস্কার ও মেরামতের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার বাস্তবায়নকারী কর্মকর্তাগণকে তাগিদ দিতে হবে।	বাস্তবায়নকারী প্রশাসন-২ শাখা
০২	পাবলিক সার্ভিস কমিশন থেকে নিয়োগের জন্য সুপারিশকৃত ২জন ব্যক্তিগত কর্মকর্তা ও ৩জন প্রশাসনিক কর্মকর্তার স্বাস্থ্য পরীক্ষা এবং প্রাকনিয়োগ জীবন বৃত্তান্ত যাচাইয়ের কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সংস্থা/বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।	প্রশাসন-১ শাখা
০৩	এ বিভাগের সকল সভার নোটিশ ই-ফাইলিং এর মাধ্যমে জারি করতে হবে।	প্রশাসন ও অর্থ অনুবিভাগের সকল শাখা
০৪	এ বিভাগের ইনোভেশন টিম ই-ফাইলিং এর কার্যক্রম সম্পর্কে রিপোর্ট দাখিল করবে। এ বিষয়ে ইনোভেশন টিম এর সকল সদস্যকে জানাতে হবে।	আইসিটি সেল
০৫	এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের ফায়ার সেফটি বিষয়ক প্রশিক্ষণ যথাসম্ভব দ্রুততম সময়ের মধ্যে সম্পাদনের ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।	প্রশাসন-১ শাখা
০৬	এ বিভাগের আর্গানোগ্রাম সংশোধন/হালনাগাদকরণের কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রাথমিক খসড়া প্রস্তাব প্রণয়নের একটি উপকমিটি গঠন করতে হবে।	প্রশাসন-১ শাখা
০৭	সচিবালয়ের ৮নং ভবনের চলমান ২টি গণপূর্তের বিভিন্ন কাজের অগ্রগতি তদারকি করতে হবে।	প্রশাসন-২ শাখা
০৮	সচিবালয়ের ৮নং ভবনের নতুন লিফট দ্রুততম সময়ের মধ্যে স্থাপনের ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট দপ্তরকে তাগিদ দিতে হবে।	প্রশাসন-২ শাখা
০৯	জননিরাপত্তা বিভাগের সকল ওয়াস রুমের দরজায় ডিজিটাল সাইন চালু করতে হবে।	প্রশাসন-২ শাখা
১০	এ বিভাগের বারান্দায় সিজোনাল গাছ দিয়ে শোভাবর্ধন, নার্সারীর যাবতীয় কার্যক্রম ও পরিষ্কার পরিচ্ছন্নতার (ক্লিনিং) কাজ আউট সোর্সিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।	প্রশাসন-২ শাখা
১১	নীচতলা পূর্ব দক্ষিণ কর্ণারের বাথরুম প্রতিবন্ধী/বয়স্কদের ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রশাসন-২ শাখা
১২	গত সভার যে সকল সিদ্ধান্ত এখনো বাস্তবায়িত হয়নি তা দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন প্রশাসন-১ শাখায় দাখিল করতে হবে।	প্রশাসন ও অর্থ অনুবিভাগের সকল শাখা

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে দ্রুত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-
০৬/০৩/২০১৯
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
জননিরাপত্তা বিভাগ

নং-৪৪.০০.০০০০.০১৯.১৯.০০২.১৯-৯৯৫/১(৩৩)

তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৫
০৭ মার্চ ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপসচিব, নিরাপত্তা-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপসচিব, প্রশাসন-১ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব, প্রশাসন-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপসচিব, প্রশাসন-৩ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব, বাজেট-১ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


(মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার)
উপসচিব